

স্মারক নং- ২৭.১২.৪৯৫২.৫৫০.০১.০১৩.২৩.

তারিখঃ-

১৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

“জমি ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর বিভাগীয় (ক্ষমতাবর্ধন ও আধুনিকায়ন) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব অর্থায়নে ০১ (এক) টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মানের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী স্থানে জমি ক্রয় করা হবে। বর্ণিত মৌজাগুলোতে জমি বিক্রয়ে আগ্রহী প্রকৃত মালিক/ মালিকগণের নিকট হতে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে জমির দর উল্লেখপূর্বক মালিকানা সংক্রান্ত হালনাগাদ কাগজপত্র (দলিল, পরচা, খারিজ, খাজনা প্রদানের রশিদ, মৌজা ম্যাপ) সহ আগামী ১৫/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সদর দপ্তরে আবেদন জমা প্রদানের অনুরোধ করা হলো।

ক্রং নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম	উপজেলার নাম	জমির অবস্থান ও বিবরণ	সম্ভাব্য জমির পরিমাণ
০১	কুড়িগ্রাম-৩, ৩৩/১১ কেভি ১০/১৪ এমভিএ ইনডোর উপকেন্দ্র	রাজারহাট	ছিনাই বাজার হতে সেলিম নগর পর্যন্ত রংপুর কুড়িগ্রাম মহাসড়ক সংলগ্ন মইদর খন্ডক্ষেত্র, রামরতন ও মীরেরবাড়ীসহ আশে পাশের মৌজায়	০.৪০ একর থেকে ০.৫০ একর পর্যন্ত।


শর্তাবলীঃ

- ০১। প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মানের জন্য জমি উল্লিখিত মৌজাসমূহের মহাসড়ক/পাকা সড়ক সংলগ্ন স্থানে এবং বৈদ্যুতিক লোড পয়েন্টের কেন্দ্রে হতে হবে। রাস্তার পাশের সম্মুখভাগে জমির দৈর্ঘ্য কমপক্ষে ১০০ফুট হতে হবে (কম/বেশী হলে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে);
- ০২। একটি দাগে বর্ণিত সাইজ/পরিমাণের জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন;
- ০৩। জমি নিষ্কন্টক হতে হবে। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:-
(ক) স্থানীয় আমিন দ্বারা প্রস্তুতকৃত জমির দৈর্ঘ্য ও প্রস্থ এর লে-আউট।
(খ) জমির দলিল ও বায়া দলিলের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(গ) মালিকানার স্বপক্ষে সি.এস/এস.এ এবং আর.এস খতিয়ান ও পর্চার ফটোকপি।
(ঘ) জমির এবং মৌজা ম্যাপের ফটোকপি।
(ঙ) দৈর্ঘ্য x প্রস্থ উল্লেখ করে জমির নকশা (প্লট আকারে)।
(চ) প্রতি শতাংশ জমির একক মূল্য ও মোট মূল্য (টাকায়) উল্লেখসহ দর দাখিল করতে হবে;
- ০৪। জমি ক্রয়ের নির্ধারিত কমিটি কর্তৃক নেগোসিয়েশনের মাধ্যমে জমির মালিক/মালিকগণের সাথে বিক্রিত দর নির্ধারণ করা হবে।
- ০৫। জমির মূল্য জমির মালিকের নামে “একাউন্ট পেয়ী চেক” এর মাধ্যমে কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পরিশোধ করা হবে এবং জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় সরকারি নিয়মানুযায়ী প্রযোজ্যক্ষেত্রে ক্রেতা/বিক্রেতা কর্তৃক বহন করা হবে।


(Handwritten signature)



লেখ শামিনার
উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ
কুড়ি-লাল পল্লী বিদ্যুৎ সমিতি
মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com
Web: www.pbs.kurigram.gov.bd




এমতাবস্থায়, বর্ণিত এলাকাসমূহে উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/ একাধিক জমির মালিক/ মালিকগণকে আগামী ১৫/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ "জেনারেল ম্যানেজার কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম" বরাবর আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক পবিস মঃও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর/আর্থিক মনিটরিং (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
- ০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম/লালমনিরহাট।
- ০৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম/লালমনিরহাট।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, কুড়িগ্রাম।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, সদর/রাজারহাট/উলিপুর/নাগেশ্বরী/ভূরুজামারী/ফুলবাড়ী/চিলমারী/লালমনিরহাট/আদিতমারী উপজেলা।
- ১০। ডিজিএম (সদর-কারিগরী), উলিপুর/নাগেশ্বরী/ভূরুজামারী/ফুলবাড়ী/চিলমারী/লালমনিরহাট/আদিতমারী জোনাল অফিস, কুড়ি-লাল পবিস।
- ১১। এজিএম, কচাকাটা সাব-জোনাল অফিস, কুড়ি-লাল পবিস।
- ১২। সাব-রেজিষ্টার, সাব-রেজিষ্টারের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম।
- ১৩। এজিএম (অর্থ/প্রশাসন/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), কুড়ি-লাল পবিস।
- ১৪। এজিএম (আইটি), কুড়ি-লাল পবিস (পবিসের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ১৫। অফিস কপি/মাষ্টার কপি।


(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার
